বিসমিল্লাহির রাহমানির রাহিম

“দোকান ভাড়ার চুক্তিপত্র”

তফসিল বর্ণিত দোকান ভাড়ার চুক্তিপত্র........................ তারিখে নিম্ন লিখিত পক্ষদ্বয়ের মধ্যে সম্পাদিত হইল।

(১) নামঃ মোঃ হুমায়ুন কবির।পিতাঃ মরহুম সাদেক মোল্লা। মাতাঃ মোসাঃ রেজিয়া বেগম। NID নং-২৬৯৩৬২৫৬২৭৬৮১।ঠিকানাঃ ১০,দক্ষিণ গোড়ান, খিলগাঁও, ঢাকা-১২১৯।

--------------------প্রথম পক্ষ (মালিক)

(২) নামঃ মোঃ ইব্রাহিম। পিতাঃ আঃ গাফফর। মাতাঃ মোছাঃ হালিমা আক্তার। মোবাইল নং-01778195305 NID নং- 4192402271 ঠিকানাঃ গ্রামঃ দক্ষিণ বাঁশহাটি, বাঁশহাটি, ডাকঘরঃ খামারগাঁও-২২৯০, নান্দাইল, ময়মনসিংহ।

-----------------দ্বিতীয় পক্ষ (ভাড়াটিয়া)

তফসিলঃ

দক্ষিণ গোড়ান,খিলগাঁও,ঢাকা-১২১৯ এলাকার ১০ নং হোল্ডিং এর বাড়ীর নীচতলার দক্ষিণ দিকের ২টি দোকানের পূর্ব দিকের দোকানটি। এই দোকানটির পূর্ব ও দক্ষিণ দিকে রাস্তা আছে।

পরম করুনাময় আল্লাহ পাকের নামে অত্র দোকান ঘর ভাড়ার চুক্তিপত্রের বয়ান আরম্ভ হলো। প্রথম পক্ষ তফসিল বর্ণিত দোকান ঘরটির মালিক। ১ম পক্ষ এই দোকানটি নিম্নলিখিত শর্ত মোতাবেক ২য় পক্ষকে ভাড়া দিতে রাজী হন এবং ২য় পক্ষ শর্ত মোতাবেক ভাড়া নিতে রাজী হন।

শর্ত সমূহঃ

১। দোকান ঘরের সিকিউরিটি জামানত বাবদ অগ্রীম ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা মাত্র ধার্য্য করা হইল,যাহা ভাড়া হইতে কর্তন হইবে না।১ম পক্ষ তা থেকে খরচ করতে পারবে, তবে চুক্তির মেয়াদ শেষ হইলে উক্ত অগ্রীম টাকা প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে এককালীন দিতে বাধ্য থাকিবেন।

২। দোকান ঘরের মাসিক ভাড়া ৮,০০০/-(আট হাজার) টাকা ধার্য্য করা হইল। প্রতিমাসের ভাড়া ঐ মাসেরই ১০ তারিখের মধ্যে দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষকে দিতে বাধ্য থাকিবেন।

৩। ১-৮-২০২৪ইং তারিখ হইতে দোকান ভাড়া শুরু হইবে। উক্ত তারিখ হইতে চুক্তিপত্র এবং ধার্য্যকৃত ভাড়ার হাড় ০৩ (তিন) বৎসর অর্থাৎ ৩১-৭-২০২৭ ইং পর্যন্ত বলবৎ থাকিবে।

৪। দ্বিতীয় পক্ষ দোকান ছাড়িতে চাহিলে প্রথম পক্ষ মালিককে তিন মাস পূর্বে জানাইতে হইবে।

৫। ব্যবসা পরিচালনার জন্য দ্বিতীয় পক্ষ নিজের পরিবর্তে অন্য কাহাকেও দোকান ঘর ভাড়া, হস্তান্তর বা সাবলেট প্রদান করিতে পারিবে না। প্রকাশ থাকে যে, ২য় পক্ষ রাষ্ট্রীয় বা ধর্মীয় কোন অবৈধ ব্যবসা, দোকানে করিতে পারিবেন না। কোন কম্পানীর বিজ্ঞাপন ব্যানার জাতীয় কিছু বিনা অনুমতিতে দেয়াল বা পিলারে ড্রিল করে লাগানো যাবেনা।

৬। ২য় পক্ষের দ্বারা মূল দোকান ঘরের কোন ক্ষতি সাধন হইলে তাহার ক্ষতিপূরণ ২য় পক্ষ দিতে বাধ্য থাকিবেন। কোন পিলারে বা বীমে ড্রিল মেশিন বা পেরেক দিয়ে ছিদ্র করা যাইবেনা।

৭। ২য় পক্ষ এই দোকান বা দোকানের চুক্তিপত্র দেখিয়ে কোন প্রকার লোন বা ঋণ নিতে পারিবেনা। চুক্তির কোন শর্ত যেকারো দ্বারা ভঙ্গ হইলে এই ভাড়াচুক্তি বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। মুদি দোকান করার জন্য দোকানটি ২য় পক্ষকে বর্তমান অবস্থাতে ভাড়া দেয়া হয়েছে। অতিরিক্ত কোন কিছু তৈরী করে দেয়ার জন্য মালিক পক্ষ বাধ্য থাকিবেন না।

৯। ২য় পক্ষ কারেন্টের প্রি পেইড মিটারে প্রতিবার কমপক্ষে ২০০০ টাকা লোড করিবেন।

১০। ৩ মাসের ভাড়া বকেয়া হয়ে গেলে, ১ম পক্ষ চাইলে এই ভাড়া চুক্তি বাতিল করিতে পারবে।

এতদ্বার্থে আমরা উভয় পক্ষ স্বেচ্ছায়,স্বজ্ঞানে এবং অন্যের বিনা-প্ররোচনায় সুস্থ মুস্তিস্কে উপরোক্ত শর্ত সমূহ নিজে পড়িয়া ও উহার মর্ম বুঝিয়া,উপস্থিত স্বাক্ষীগণের সম্মুখে অত্র চুক্তিপত্রে উভয় পক্ষ নিজ নিজ স্বাক্ষর দান করিয়া চুক্তিনামা সম্পাদন করিলাম।

স্বাক্ষীগণের স্বাক্ষরঃ তারিখঃ /০৭/২০২৪ইং

১। প্রথম পক্ষ (মালিক) এর স্বাক্ষর

২।

৩। দ্বিতীয় পক্ষ (ভাড়াটিয়া) এর স্বাক্ষর